[illegible]

[illegible]

**Job Category:** Data Entry/Operator/BPO

**Job Source:** [illegible]

## Job Summary

**Posted On:** 1 Nov 2024

**Application Deadline:** 20 Nov 2024

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
এবং
অতিরিক্ত জেলা ও দায়রা জজের কার্যালয়, ঠাকুরগাঁও।

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- ৩৭৩ তারিখ ঃ ৩১/১০/২০২৪ খ্রিস্টাব্দ

ঠাকুরগাঁও জেলা ও দায়রা জজ আদালতের নিম্নে উল্লিখিত শূন্য পদ সমূহ নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে সরাসরি নিয়োগের জন্য যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | সাঁটলিপিকার- কাম- কম্পিউটার অপারেটর | ১১০০০-২৬৫৯০/- | ০১ | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) সাঁটলিপিতে শ্রুতি লিখন প্রতি মিনিটে ইংরেজিতে ৮০ ও বাংলায় ৫০ শব্দ গতি সম্পন্ন হতে হবে।<br>গ) কম্পিউটার টাইপে প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ গতি সম্পন্ন ; এবং<br>ঘ) সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে সাঁটলিপি এবং কম্পিউটার প্রশিক্ষণ কোর্সের সনদপত্র প্রাপ্ত। |
| ০২ | সাঁটমুদ্রাক্ষরিক- কাম-কম্পিউটার অপারেটর | ১০২০০-২৪৬৮০/- | ০৩ | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) সাঁটলিপিতে শ্রুতি লিখন প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ ও বাংলায় ৪৫ শব্দ গতি সম্পন্ন ;<br>গ) কম্পিউটার টাইপে প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ গতি সম্পন্ন ; এবং<br>ঘ) সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে সাঁটলিপি এবং কম্পিউটার প্রশিক্ষণ কোর্সের সনদপত্র প্রাপ্ত। |
| ০৩ | অফিস সহকারী - কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৯৩০০-২২৪৯০/- | ১১ | ক) কোন স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি. বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কম্পিউটার টাইপে প্রতি মিনিটে ইংরেজিতে ২০ ও বাংলায় ২০ শব্দ গতি সম্পন্ন ; এবং<br>গ) সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার প্রশিক্ষণ কোর্সের সনদপত্র প্রাপ্ত। |
| ০৪ | জারীকারক | ৮৫০০-২০৫৭০/- | ০৮ | কোন স্বীকৃত বোর্ড হতে এস.এস.সি. বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৫ | অফিস সহায়ক | ৮২৫০-২০০১০/- | ০৭ | কোন স্বীকৃত বোর্ড হতে এস.এস.সি. বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

শর্তাবলী-

১। নিয়োগের ক্ষেত্রে আইন অনুযায়ী প্রযোজ্য সকল বিধি-বিধান অনুসরণ করা হবে।

২। 'সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি এবং অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ঠাকুরগাঁও' এই ঠিকানায় ৩নং ক্রমিকে উল্লিখিত ফরমে আবেদনপত্র আগামী ২০/১১/২০২৪ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে ডাকযোগে অথবা সরাসরি নিম্নস্বাক্ষরকারীর অফিসে রক্ষিত নির্ধারিত বাক্সে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে।

৩। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমের আলোকে বর্ণিত তথ্যাদি পূরণ পূর্বক স্বহস্তে স্বাক্ষর করে আবেদন করতে হবে। ফরমটি www.forms.gov.bd.job ওয়েব সাইট হতে ডাউনলোড করতে হবে।

৪। দরখাস্তের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
ক) সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/সিটি করপোরেশনের মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের মূল কপি খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক (অ) শিক্ষাগত যোগ্যতা এবং প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার ও কম্পিউটার / সাঁটলিপি বিষয়ে প্রশিক্ষণের সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি (আ) সদ্য তোলা রঙ্গিন ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের (৫X৫ সে.মি.) সত্যায়িত ছবি (ই) জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি (ঈ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার মূল সনদের সত্যায়িত ফটোকপি এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারিরীক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় আবেদনকারী প্রার্থীদের স্ব-স্ব কোটার স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ বা প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি ও (উ) চারিত্রিক সনদপত্র।

৫। সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ০১/১১/২০২৪ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বছর এবং মুক্তিযোদ্ধা ও প্রতিবন্ধী কোটার প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযাগ্য হবে না।

৬। পরীক্ষার ফি বাবদ ১ ও ২ নং পদের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা এবং ৩-৫ নং পদের জন্য ১০০/- (একশত) টাকা সোনালী ব্যাংক লিমিটেড-এ ট্রেজারি চালানের মাধ্যমে ১-২১০৪-০২১০-৫১৩৫-১৪২২৩২৬ নম্বর কোডে জমা প্রদান করে চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৭। যোগাযোগের প্রয়োজনে প্রার্থীর নাম ও বর্তমান ঠিকানা উল্লেখ পূর্বক ২০ (বিশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেট যুক্ত ০২ (দুই) টি ৯.৫x৪.৫ ইঞ্চি সাইজের ফেরত খাম দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে।

৮। খামের উপরে পদের নাম সহ কোটা (যদি থাকে) উল্লেখ করতে হবে।

৯। লিখিত পরীক্ষার তারিখ পরবর্তীতে প্রাথমিক বাছাইয়ে যোগ্য বিবেচিত প্রার্থীগণকে বর্তমান ঠিকানায় (আবেদন পত্রের সাথে সংযুক্ত ঠিকানায় লিখিত খামে) ডাকযোগে প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে।

১০। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং অভিজ্ঞতার মূল সনদপত্র প্রদর্শন করতে হবে।

১১। প্রচলিত নিয়োগবিধি/কোটা সংক্রান্ত সরকার এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের বিধি/আদেশ যথাযথভাবে অনুসরণ করা হবে।

১২। এই নিয়োগ বিজ্ঞপ্তি স্থগিতকরণ/বাতিলকরণ/ পদ সংখ্যা হ্রাস বা বৃদ্ধি সহ নিয়োগ- সম্পর্কিত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। যে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন- www.thakurgaon.judiciary.gov.bd

সভাপতি
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
এবং
অতিরিক্ত জেলা ও দায়রা জজ
ঠাকুরগাঁও

জি-১৭৪০/২৪ (১০x৪)